

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট
সাভার, ঢাকা।

নং-৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০৩.১৮/৫৪

তারিখঃ ২৫/১১/২০১৮

গত ১৪/১১/২০১৮ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ১৪ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	ড. মোঃ জিল্লুর রহমান	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	জনাব মোঃ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০৪।	ড. মুহাম্মদ আবদুস সামাদ, সদস্য, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৬।	নাজমুল হুদা, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৭।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০১৮-২০১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। এ সময় বিএলআরআই এর সিস্টেম এনালিস্ট জানান প্রশাসনিক ভবনে Access Control System স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এরপর ০২ জন ইনোভেটর জনাব নাজমুল হুদা ও মোঃ ফয়জুল হাসান মিরাজ যথাক্রমে “বায়োবিজ” ও “ব্রিডিং ক্যালেন্ডার” শিরোনামে ০২ টি উদ্ভাবনী আইডিয়া উপস্থাপন করেন। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

- ১। চলতি অর্থবছরে অর্থপ্রাপ্তি সাপেক্ষে বিএলআরআই এর অন্যান্য আঞ্চলিক কেন্দ্রে ‘BLRI FeedMaster App’ উদ্ভাবনী প্রকল্পটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের পাইলটিং শুরু করে তা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, প্রকল্পটি ইতোমধ্যে ০৩ টি সাইটে (সিরাজগঞ্জের বাঘাবাড়ী, রাজশাহীর গোদাগাড়ী ও সাভারের হেমায়েতপুর) বাস্তবায়নের জন্য খামারীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে।
- ২। আগামী ২০/০৬/২০১৮ খ্রিঃ এর মধ্যে ‘BLRI FeedMaster App’ নিয়ে একটি ভিডিও ডকুমেন্টারি তৈরী ও প্রকাশের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। আগামী ২৭/১১/২০১৮ খ্রিঃ তারিখ মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিতব্য কর্মশালায় উল্লেখিত ০২ জন ইনোভেটর তাদের ০২ টি আইডিয়া উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. নাসরিন সুলতানা)
ইনোভেশন অফিসার